

**বাতিল হওয়া প্রাথমিক
শিক্ষক নিয়োগ
পরীক্ষা শিগগির**

■ সময়কাল প্রতিবেদক
প্রশ্ন ফাঁসের অভিযোগে ১৭ জেলায়
বাতিল হওয়া সরকারি প্রাথমিক
বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ
পরীক্ষা আগামী দুই মাসের মধ্যে
নেওয়া হবে বলে জানিয়েছেন
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী নুরুল
ইসলাম নাহিদ। মঙ্গলবার
সাংবাদিকদের সঙ্গে আলাপকালে
তিনি এ কথা জানান। শিক্ষক
নিয়োগের প্রশ্ন ফাঁসের সঙ্গে
অভিভূক্তদের বিরুদ্ধে স্ত্রী ব্যবস্থা নেওয়া
হয়েছে, জানতে চাইলে মন্ত্রী বলেন,
‘প্রশ্ন ফাঁসের’ সঙ্গে অভিভূক্ত...ব্যক্তির
বিষয়টি সন্দেহহীনভাবে প্রমাণিত না
হলেও আদালত খতটা ওখা পেয়েছি সে
অনুযায়ী ব্যবস্থা নেব। ইতিমধ্যে
ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।
আর একটি সময় দিতে হবে। সামনে
জাতীয় নির্বাচন থাকায় দুই মাসের
মধ্যে বাতিল হওয়া নিয়োগ পরীক্ষা
নেওয়া হবে বলে জানান তিনি।

গত ৮ ডিসেম্বর প্রশ্ন ফাঁসের প্রমাণ
পাওয়ায় ১৭ জেলায় সরকারি
প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক
নিয়োগ পরীক্ষা বাতিল করা হয়।
জেলাগুলোর মধ্যে রয়েছে ঢাকা,
রাজশাহী, ময়মনসিংহ, কক্সবাজার,
লালমনিরহাট, নেত্রকোনা, পেরপুর,
নারায়ণগঞ্জ, সাতক্ষীরা, পাবনা,
ঝিনাইদহ, রাজবাড়ী, মেহেরপুর,
খুলনা, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও
মৌলভীবাজার। প্রায় সাত হাজার
সহকারী শিক্ষক নিয়োগের জন্য ৮
নভেম্বর দিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়।